



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

খাদ্য অধিদপ্তর



চলাচল পরিকল্পনা, সড়ক এবং রেল শাখা
খাদ্য ভবন, ১৬ আব্দুল গণি রোড, ঢাকা-১০০০
www.dgfood.gov.bd

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.২৯৭

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭

০১ এপ্রিল ২০২১

বিষয়: চট্টগ্রাম বহির্নেওজারে আমদানিকৃত গমবাহী MV ANGELE N জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম এর মাধ্যমে নারায়ণগঞ্জ সাইলোতে ১০৬৫০ মে.টন ঢালা গম পরিবহণের অনুমোদন

সূত্র: Seven Seas Shipping Lines এর ০১/০৪/২০২১ খ্রি. তারিখের SSSL351AGN1521 নং স্মারকের পত্র

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, MV. ANGELE N জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারের লাইটারের মাধ্যমে চট্টগ্রাম বহির্নেওজার হতে ১০৬৫০ মে.টন ঢালা গম নারায়ণগঞ্জ সাইলোতে পরিবহণের নিমিত্ত সূত্রস্থ স্মারকে নিম্নোক্তভাবে চলাচলসূচি অনুমোদনের জন্য অনুরোধ করা হয়েছে :

ক্র. নং	ঠিকাদারি প্রতিষ্ঠানের নাম	লাইটার জাহাজের নাম	পরিমাণ (মে.টন)	মন্তব্য
১.	মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল	এম.ভি মাস্টার কনক-৫	১৫৫০	
২.	মেসার্স মীম শরৎ কনস্ট্রাকশন	এম.ভি. হযরত গোলামুর রহমান বাবা ভান্ডারী	২০০০	
৩.	মেসার্স ইরা কর্পোরেশন	এম.ভি. এস এ বাশার	১৯০০	
৪.	মেসার্স কাজী সাহিদুর রহমান	এম.ভি. ফয়সাল ৯	১০১৫	
৫.	এম.ভি. শাজালাল নেভিগেশন লিঃ বাবুল ট্রান্সপোর্ট এন্ড কোং (জেভিসিএ)	এম.ভি. শাহ সুন্দর অন্তর বাবা	২০০০	
৬.	মেসার্স এস.টি ট্রেডিং ইন্টারন্যাশনাল	এম.ভি. সমতা এসটি এ ৩	১০৬৫	
৭.	মেসার্স ইরা কর্পোরেশন	এম.ভি. এস এ বাশার ১০	১১২০	
		মোট =	১০৬৫০	

এমতাবস্থায়, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চট্টগ্রাম এর প্রস্তাবমতে এবং ২৫/০৩/২০২১ খ্রি. তারিখে স্বাক্ষরিত চতুর্পক্ষীয় MoU মোতাবেক MV. ANGELE N জাহাজ হতে মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম ঠিকাদারের লাইটারের মাধ্যমে চট্টগ্রাম বহির্নেওজার হতে ১০৬৫০ মে.টন ঢালা গম নারায়ণগঞ্জ সাইলোতে পরিবহণের উপর্যুক্ত প্রস্তাবের অনুমোদন নিম্নোক্ত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালনের শর্তে নির্দেশক্রমে প্রদান করা হলো।

নির্দেশনাসমূহ:

১। (ক) নারায়ণগঞ্জ সাইলোর উদ্দেশে মাদার ভেসেল থেকে পরিবাহিতব্য গম সাইলোতে প্রাপ্তি না হওয়া পর্যন্ত গমের সকল দায়-দায়িত্ব সরবরাহকারীর উপর বর্তাবে এবং Unloading এর ক্ষেত্রে Stevedoring খরচ সরবরাহকারী প্রতিষ্ঠানকে বহন করতে হবে। এক্ষেত্রে সরকারি কোন অর্থ ব্যয় করা যাবে না।

(খ) নারায়ণগঞ্জ সাইলোতে গম গ্রহণের পূর্বে গমের বিনির্দেশ যথাযথ কি না তা পরীক্ষা করে নিশ্চিত হয়ে গ্রহণ করতে হবে।

(গ) বিধি মোতাবেক অন্যান্য সকল নিয়মনীতি অনুসরণ করতে হবে।

(ঘ) চসনি, চট্টগ্রাম ও সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ গম পরিবহণ, বোর্কাই ও খালাস কার্যক্রম তদারকি করবেন। কোথাও অনিয়ম বা সমস্যার উভ্রে হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাংক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবেন এবং নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষসহ খাদ্য অধিদপ্তরকে তরিত অবহিত করবেন;

২। জাহাজ/কোষ্টারের ঢালা গম পরিবহণের উপর্যুক্ততা সার্ভে সার্টিফিকেট, বেক্রসিং সার্টিফিকেট, সেইফটি ইকুইপমেন্ট সার্টিফিকেট মূল/সত্যায়িত কপি ও অন্যান্য তথ্যাদি অবলোকন/যাচাইপূর্বক চুক্তির শর্তাবলী ও অধিদপ্তরের নির্দেশনা অনুসরণ করে জাহাজের ধারণক্ষমতাকে আমলে এনে ঢালা গম বোর্কাইয়ের পর ভয়েস যাত্রার পূর্বে ভারসাম্য রক্ষার ব্যবস্থা নিতে হবে।

৩। সাধারণ বীমা কর্পোরেশন হতে বোর্কাইকৃত পণ্যের বীমা খাদ্য বিভাগের অনুকূলে গ্রহণপূর্বক চসনি, চট্টগ্রাম গম পরিবহণ করবেন। বোর্কাই অবস্থায় জাহাজের ফ্রি বোর্ড (Free Board) নিরাপদ মাপে রাখার বিষয়টি নিশ্চিত করতে হবে।

৪। ঠিকাদার কর্তৃক পণ্যের নিরাপত্তা জামানত অনুযায়ী জাহাজ বোর্কাই করতে হবে। পরিবহণ সংক্রান্ত অন্যান্য নির্দেশনাবলি যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। মেজর ক্যারিয়ার, চট্টগ্রাম রুটে জারিকৃত সূচির ঠিকাদারদের লাইটেনিং এর কার্যক্রম চসনি, চট্টগ্রাম কর্তৃক সম্প্রসরণ হবে। এক্ষেত্রে MoU তে উল্লিখিত কুতুবদিয়া ও বহির্নেক্ষারের পরিমাণ সঠিক রেখে লাইটারসমূহের ধারণক্ষমতা বিবেচনা করে চসনি, চট্টগ্রাম ঠিকাদারদের অনুকূলে বরাদ্দকৃত গম হতে প্রয়োজনে কম/বেশি করে পরিবহণের সূচিকৃত সমুদয় গম পরিবহণের ব্যবস্থা নিবেন।

৬। এই সূচির মেয়াদ চসনি, চট্টগ্রাম কর্তৃক নির্ধারিত হবে এবং চলাচল সংক্রান্ত যাবতীয় নীতিমালা পালন করতে হবে।

৭। সূচির নির্ধারিত মেয়াদের মধ্যে ঠিকাদার খাদ্যশস্য পরিবহণে ব্যর্থ হলে প্রশাসনিক ব্যবস্থা গ্রহণসহ জরুরি বিবেচনায় পরবর্তীতে নতুন সূচি কিংবা সরকারি স্বার্থে আগ্রহী ঠিকাদারদের অনুকূলে উপ-সূচি জারি করা হবে।

এতে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন রয়েছে।

১-৪-২০২১

মোঃ ফজলে রাক্তী হায়দার

উপ-পরিচালক

চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রক, চলাচল ও সংরক্ষণ নিয়ন্ত্রকের

কার্যালয়, চট্টগ্রাম

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৮১.৫০.০০৮.১৭.২৯৭/১

তারিখ: ১৮ চৈত্র ১৪২৭
০১ এপ্রিল ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

- ১) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ২) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর
- ৩) পরিচালক, হিসাব ও অর্থ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৪) পরিচালক, সংগ্রহ বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৫) পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর
- ৬) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, চট্টগ্রাম
- ৭) আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, ঢাকা
- ৮) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর (খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)
- ৯) সাইলো অধীক্ষক, চট্টগ্রাম সাইলো
- ১০) সাইলো অধীক্ষক, নারায়ণগঞ্জ সাইলো
- ১১) জেলা খাদ্য নিয়ন্ত্রক, নারায়ণগঞ্জ, ঢাকা
- ১২) জেনারেল ম্যানেজার, সেভেন সীচ শিপিং লাইন্স, ৭২৮/৭৭৫, গোসালভাংগা, স্টেন্ড রোড, চট্টগ্রাম-৮১০০

১-৪-২০২১

মোঃ ফজলে রাক্তী হায়দার

উপ-পরিচালক